বান্দা যখন আমার দিকে এক বিঘত এগিয়ে আসে, আমি তার দিকে একহাত এগিয়ে যাই, আর সে যখন আমার দিকে এক হাত এগিয়ে আসে, আমি তার দিকে দুই বাহু পরিমাণ এগিয়ে যাই, আর যদি সে আমার দিকে হেঁটে আসে, আমি তার দিকে যাই দৌঁড়ে।

আনাস বিন মালিক ও আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহুমা হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার রব থেকে বর্ণনা করেন, আল্লাহ তাআলা বলেন, “বান্দা যখন আমার
দিকে এক বিঘত এগিয়ে আসে, আমি তার দিকে একহাত এগিয়ে যাই, আর সে যখন আমার দিকে এক হাত
এগিয়ে আসে, আমি তার দিকে দুই হাত এগিয়ে যাই, আর যদি সে আমার দিকে হেঁটে আসে, আমি তার
দিকে যাই দৌঁড়ে।”
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন। - মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

যে ব্যক্তি সামান্য ইবাদতের মাধ্যমেও আল্লাহর নৈকট্য হাসিল করতে চাইবে, আল্লাহ তাকে বহুগুণ সাওয়াব ও সম্মান দিয়ে ভূষিত করবেন। যখন সে ইবাদত বৃদ্ধি করবে আল্লাহ তার সাওয়াবও বৃদ্ধি করবেন এবং তাকে দ্রুত রহমত ও ফযীলত দান করবেন। শাইখুল ইসলাম ইমাম ইবনে তাইমীয়াসহ আহলে সুন্নাত ওয়াল জামাআতের যেসব আলেম আল্লাহর সিফাতসমূহ বাহ্যিক অর্থে সাব্যস্ত করেন, তাদের একদল মনে করেন এটি সিফাত প্রমাণকারী হাদীস নয়। আরেক দল আলেম এই হাদীস থেকে আল্লাহর দৌঁড়ে যাওয়া সিফাত সাব্যস্ত করেছেন। তবে এর প্রকৃতি ও ধরণ নিয়ে ঘাটাঘাটি করা যাবে না।

https://sunnah.global/hadeeth/bn/show/6461